

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৫৬

আগরতলা, ১৮ সেপ্টেম্বর, ২০২৪

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে হৃদযন্ত্রে সফল
অস্ত্রোপচারে নতুন জীবনলাভ ছয়মাসের আফরিনের

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের (আরবিএসকে) মেডিকেল টিমের উদ্যোগে হৃদযন্ত্রে সম্পূর্ণ বিনামূল্যে সফল অস্ত্রোপচারে এক শিশুকন্যা নতুন জীবন ফিরে পেয়েছে। মধ্য প্রতাপগড় আরবান প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত পশ্চিম প্রতাপগড় এলাকার লক্ষর পাড়ার বাসিন্দা মিন্টু মিঞা ও হেনা খাতুনের কন্যা আফরিন খাতুনের গত ২৬ ফেব্রুয়ারি আইজিএম হাসপাতালে জন্ম হয়। জন্মের পরেই দেখা যায় শিশুটির অক্সিজেন গ্রহণের মাত্রা কম। তাকে এনআইসিইউতে ভেন্টিলেশনে রাখা হয়। দেখা যায় তার হৃদযন্ত্রে ফুটো রয়েছে। এছাড়াও তার বিভিন্ন সমস্যা ছিল। গত ৫ এপ্রিল রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম মধ্য প্রতাপগড় আরবান প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে এক স্ক্রিনিং কর্মসূচিতে শিশুটির জন্মগত সমস্যার চিকিৎসার বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। তখন রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম শিশুটির অভিভাবকদেরকে উন্নত চিকিৎসার জন্য পরামর্শ দেন। শিশুটির অভিভাবকরা তখন গত ৪ জুলাই রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিমের পরামর্শে শিশুটিকে আগরতলা আইজিএম হাসপাতালে ইকো পরীক্ষার জন্য নিয়ে যান এবং সেখানে শিশুটির ইকোকার্ডিওগ্রাফি করেন শিশুরোগ বিশেষজ্ঞ ডাঃ গোপা চ্যাটার্জী। সম্পূর্ণ বিনামূল্যে শিশুটির ইকো পরীক্ষা করানো হয়। আর তাতেই শিশুটির জন্মগত হৃদরোগ শনাক্ত হয়।

এদিকে আইজিএম হাসপাতালে গত ৪ জুলাই আয়োজিত শিশুদের বিশেষ হৃদযন্ত্র পরীক্ষা শিবিরে চেন্নাইয়ে অ্যাপেলো চিলড্রেন হাসপাতাল থেকে আগত বিশেষজ্ঞ চিকিৎসকগণ শিশুটিকে পরীক্ষার মাধ্যমে তার জন্মগত হৃদরোগের ব্যাপারে নিশ্চিত করেন। তখন আশ্রমপাড়া আরবান প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক ডাঃ দেবিকা দেব, ডাঃ সুস্মিতা দেব, ডাঃ সন্দীপ দাস, ফার্মাসিস্ট বাপী দেব, এএনএম ভারতী সাহা সহ রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের (আরবিএসকে) টিম রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম (আরবিএসকে)-এর তরফে তাকে চেন্নাইয়ে অ্যাপেলো চিলড্রেন হাসপাতালে অস্ত্রোপচারের ব্যবস্থা করেন। গত ৪ আগস্ট শিশুটিকে চেন্নাই-এ অ্যাপেলো চিলড্রেনস হাসপাতালে হৃদযন্ত্রে অস্ত্রোপচার করার জন্য ভর্তি করা হয়। গত ১২ আগস্ট অ্যাপেলো চিলড্রেনস হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে শিশুটির সম্পূর্ণ বিনামূল্যে সফলভাবে হৃদযন্ত্রের অস্ত্রোপচার করা হয়। তারপর গত ৩০ আগস্ট শিশুটিকে হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়। শিশুটির শারীরিক অবস্থা বর্তমানে স্থিতিশীল। পেশায় শ্রমিক মিন্টু মিঞার এই ব্যয়সাধ্য অস্ত্রোপচারের খরচ বহন করা সম্ভব ছিল না। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীনে সম্পূর্ণ বিনামূল্যে হৃদযন্ত্রে অস্ত্রোপচারের সুযোগ লাভ করায় শিশুটির মা-বাবা রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের রাজ্য কর্তৃপক্ষ, আশ্রমপাড়া আরবান প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ও মধ্য প্রতাপগড় আরবান প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্যকর্মী সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীদের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
